গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, তানোর, রাজশাহী

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, রাজশাহী এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২১ - ৩০ জুন, ২০২২

## সূচিপত্র


| ক্রমিক | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | উপক্রমণিকা | ০৩ |
| ২ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৪-০৫ |
| ৩ | সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলি | ০৬ |
| ৪ | সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ০৭ |
| ৫ | সেকশন ৩ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৮-১০ |
| ৬ | সংযোজনী ১: শব্দ সংক্ষেপ | ১১ |
| ৭ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১২-১৫ |
| ৮ | সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৬ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

(উপজেলা সমবায় কর্মকর্তা,উপজেলা সমবায় কার্যালয়,তানোরে, রাজশাহী)

---------------------------------------------------------------------

এবং

---------------------------------------------------------------------

(জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, রাজশাহী)

এর মধ্যে ২০২১ সালের জুন মাসের **১৫** তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## উপজেলা সমবায় কার্যালয়, তানোর,রাজশাহী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Upozila Cooperative Office, Tanore, Rajshahi)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ
- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
- ভবিষ্যৎ পরিকল্পনা

### উপজেলা সমবায় কার্যালয়, তানোর, রাজশাহী এর বিগত ৩ বছরের অর্জিত সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় কার্যালয়, রাজশাহী বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ জেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ৭৬টি নতুন সমবায় সমিতি গঠন এবং ১৫২০জনকে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে ৪৯টি, ২০১৮-২০১৯ অর্থ বছরে ৩৮টি এবং ২০১৯-২০২০ অর্থ বছরে ১১২টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০ সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। 'আমার বাড়ী আমার খামার ৩য় (সংশোধনী) সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্তিক জনগোষ্ঠির জীবনযাত্রার উন্নয়ন প্রকল্প এর আওতায় বিশেষ অনুদান তহবিল হতে ২৬৫ সমবায়ী উদ্যোক্তাকে ৩৩,৬৫,৫০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৩০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে রাজশাহী জেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১২২। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরি হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

### ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলাভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি

ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

## ২০২১-২০২২ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ০১টি উৎপাদনমুখি সমবায় সংগঠন করা হবে;
- ০১টি মডেল সমবায় সমিতি সৃজন করা হবে;
- ১০০ জন সমবায়ীকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক শতভাগ নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ৯৮টি কার্যকর সমিতির ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট সম্পাদন করা হবে;

## সেকশান ১

## রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলি

(Vision, Mission, Strategic Objectives and Functions)

### ১.১ রূপকল্প

টেকসই সমবায়; টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কৌশতগত উদ্দেশ্যসমূহ

#### ১.৩.১ সমবায় অফিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;

২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

### ১.৪ কার্যাবলি

১. সমবায় আদর্শ/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩.সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪.প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫.সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬.পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

## সেকশন ২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সমবায় সমিতিসমূহের বিভিন্ন কার্যক্রমের ফলে কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে | [১.১.৪] উৎপাদনমুখী সমবায় সমিতি গঠিত | সংখ্যা | - | - | ১ | ১ | ১ | | |
| সমবায়ের নিরীক্ষা যথাযথভাবে সম্পাদনের ফলে জবাবদিহিতা নিশ্চিত হয়েছে | [২.২.৪] সমিতির নিরীক্ষা সম্পাদিত | সংখ্যা | ৩৮ | ১১৪ | ৯৮ | ১২৪ | ১৩৫ | বিআরডিবি, কাল্প | |
| উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের মাধ্যমে কৃষিজ উৎপাদন বৃদ্ধি পেয়েছে | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত | জন | ১০০ | ১০০ | ১০০ | ১১০ | ১১৫ | মৎস্য, বিআরডিবি, কৃষি | |

## সেকশন:৩

## কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা

| কর্ম সম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২০২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২১-২০২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানে রনিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | মান: ১৭ | [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৭ | ০ | ০২ | ২ | ১ | ১ | ১ | ৩ | ৪ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | গড় | % | ৫ | ৭৪ | ০ | ০৩ | ২ | ২ | ১ | ১ | ৮ | ৯ |
| | | | [১.১.৩] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | [১.২] উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | সমষ্টি | জন | ৫ | ২০ | ৩০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১১ |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ | মান: ৩৫ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | - | ৩ | ১০ জুলাই | ১০ জুলাই | ১৫ জুলাই | ০৩ আগস্ট | ১০ আগস্ট | ২৩ আগস্ট | ৩ সেপ্টেম্বর | ১৫ জুলাই | ২০ জুলাই |
| | | | [২.১.৩] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | - | ৩ | ১৩ মে | ১৩ মে | ১৫ জুলাই | ০৩ আগস্ট | ১০ আগস্ট | ২৩ আগস্ট | ৩ সেপ্টেম্বর | ১৫ জুলাই | ২০ জুলাই |
| | | | [২.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | তারিখ | - | ৩ | ০৩ জুলাই | ০৩ জুলাই | ১৫ জুলাই | ০৩ আগস্ট | ১০ আগস্ট | ২৩ আগস্ট | ৩ সেপ্টেম্বর | ১৫ জুলাই | ২০ জুলাই |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | সমষ্টি | % | ২ | ৬৫% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.২.২] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | তারিখ | - | ৩ | ৩১ আগষ্ট | ৩১ আগষ্ট | ০৫ আগষ্ট | ২০ আগস্ট | ২৭ আগস্ট | ০৩ সেপ্টেম্বর | ১০ সেপ্টেম্বর | ১৬ আগস্ট | ২৮ জুলাই |
| | | | [২.২.৩] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪৮ | ২৪ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২২ | ২৪ |

| কর্ম সম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২০২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২১-২০২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানে রনিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.২.৪] কাযকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০% | ১০০% | **১০০%** | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | সমষ্টি | % | ২ | ৭০% | ৬০% | **৯০%** | ৮০% | ৭০% | ৬০% | ৪০% | ৯০% | ৯০% |
| | | | [২.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | **৭২** | ৬৫ | ৫৮ | ৫০ | ৪৩ | ৯০ | ৯২ |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০% | ১০০% | **১০০%** | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০% | ১০০% | **১০০%** | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন | মান: ১৮ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৬ | ৫০ | ১০০ | **১০০** | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | % | ৬ | ১০০% | ১০০% | **১০০%** | ৯০% | ৮০% | ৭০% | ৩০% | ১০০% | ১০০% |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | **১** | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] সেমিনার/ কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | **০** | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | [৩.৪.২] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | **০** | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২০-২১ | | | | | প্রক্ষেপণ২০২১-২২ | প্রক্ষেপণ২০২২-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | **[১.১.১]শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত** | **ক্রমপুঞ্জিভূত** | **প্রাপ্ত নম্বর** | ১০ | - | - | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | **ক্রমপুঞ্জিভূত** | **প্রাপ্ত নম্বর** | ১০ | - | - | | | | | | | |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | **ক্রমপুঞ্জিভূত** | **প্রাপ্ত নম্বর** | ৩ | - | - | | | | | | | |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | **ক্রমপুঞ্জিভূত** | **প্রাপ্ত নম্বর** | ৪ | - | - | | | | | | | |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | **ক্রমপুঞ্জিভূত** | **প্রাপ্ত নম্বর** | ৩ | - | - | | | | | | | |

আমি উপজেলা সমবায় কর্মকর্তা, তানোর, রাজশাহী এর পক্ষে জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, রাজশাহী এর পক্ষে উপজেলা সমবায় কর্মকর্তা, তানোর, রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

মুহাঃ আখতার হোসেন
উপজেলা সমবায় অফিসার,তানোর, রাজশাহী

তারিখ

মোঃ সাইদুর রহমান
জেলা সমবায় অফিসার, রাজশাহী

১৩.০৬.২০২১
তারিখ